

**১৯৯৮-৯৯ অর্থবৎসরের বাজেট ও
১৯৯৯-২০০০ অর্থবৎসরের বাজেটের
মধ্যবর্তী সময়ে জারিকৃত প্রজ্ঞাপনসমূহ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ই আষাঢ়, ১৪০৫/ ২রা জুলাই, ১৯৯৮

এস,আর,ও, নং-১৪২-আইন/৯৮/১৮৮-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক ১২ই জুন, ১৯৯৭ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং-১৪২-আইন/৯৭/১৫৯-মুসক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এর-

(১) শিরনামা সংখ্যা ২৫.২৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এর এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে :

(২) শিরনামা সংখ্যা ৭২.০৬ হইতে ৭২.১২ ও ৭২.১৩ হইতে ৭২.১৭ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এর এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ মোতাবেক ১১ই জুন, ১৯৯৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

[মোঃ মাহবুবুর রহমান]

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)